জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১৩৯৭/২৬

তারিখ: ২৯ এপ্রিল ২০২৬
১৬ বৈশাখ ১৪৩৩

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : আমানতের সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমানতের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৪২/২৩ তারিখ: ২৮.১২.২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৩০৯/২০২৪ তারিখ: ৩১.১২.২০২৪- এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. পরিচালনা পর্ষদের ২৮.০৪.২০২৬ তারিখে অনুষ্ঠিত ৮৮৩তম সভার অনুমোদনক্রমে সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত ও স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) আমানতের সুদহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

| ক্রম | আমানতের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| ১ | **সঞ্চয়ী আমানত** | ৩.০০% |
| ২ | **স্থায়ী আমানত** | |
| | ৩ মাস ও তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম | ৮.৫০% |
| | ৬ মাস ও তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম | ৮.৭৫% |
| | ১ বছর ও তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্দ্ধে নয় | ৯.০০% |
| ৩ | **স্পেশাল নোটিশ ডিপোজিট(এসএনডি)** | |
| | ১.০০ কোটি টাকার কম | ৩.৭৫% |
| | ১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটি টাকার কম | ৪.০০% |
| | ২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটি টাকার কম | ৪.৫০% |
| | ৫০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ১০০.০০ কোটি টাকার কম | ৫.০০% |
| | ১০০.০০ কোটি ও তদূর্ধ্ব | ৬.০০% |

বিশেষ ক্ষেত্রে বর্ধিত সুদহার প্রদানের প্রয়োজন হলে পরিচালনা পর্ষদের ২৫.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৫৪তম সভা ও ৩০.০৫.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রেজারি ডিপার্টমেন্টের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

পুনঃনির্ধারিত সুদহার ০১ মে ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সঞ্জয় কুমার সরদার
উপমহাব্যবস্থাপক

মোহাম্মদ সাফায়েত হোসেন
মহাব্যবস্থাপক